গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
সিনিজেনস চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

বিষয়ঃ সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি’র ২০২২-২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এ কে.এম. শাহাবুদ্দিন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ৩০/১১/২০২২ খ্রি., |
| সভার সময় | বেলা ০২:৩০ টা |
| স্থান | প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযোজনী-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব জনাব মোঃ সাব্বির বিশ্বাস গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেনঃ

| ক্র.নং | গত সভার সিদ্ধান্ত | গত সভার সিদ্ধান্তের অগ্রগতি | অগ্রগতির হার |
|---|---|---|---|
| ১. | ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি নিয়মিত পুনর্গঠন করার জন্য প্রশাসন-১ শাখাকে পত্র প্রেরণ করতে হবে। | ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি গঠন করার জন্য আইসিটি সেল হতে গত ২৭/০৯/২০২২ তারিখে প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগকে পত্র প্রেরণ করা হয়েছে এবং সে আলোকে গত ০৩/১০/২০২২ তারিখে প্রশাসন-১ শাখা হতে ২য় ত্রৈমাসিকের জন্য কমিটি গঠন করে পত্রজারি করা হয়েছে। | ১০০% |
| ২. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন কমিটি কর্তৃক প্রস্তুতের পর প্রশাসন-১ শাখার মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১ম ত্রৈমাসিক প্রতিবেদন গত ০৬/১০/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| ৩. | ইআরডি’র আওতাধীন কোন দপ্তর/সংস্থা না থাকায় এ বিষয়ে নির্দেশনা চেয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ পত্র প্রেরণ করবে। | আওতাধীন দপ্তর/সংস্থা নেই মর্মে ০৩/১০/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| ৪. | ইআরডি’র চলমান সিটিজেনস্ চার্টারে সংযোজন/বিয়োজন করার লক্ষ্যে সকল অনুবিভাগকে সংশ্লিষ্ট অংশ যাচাই করে প্রস্তাব উপস্থাপনের জন্য প্রশাসন-১ শাখা হতে পত্র প্রেরণ করতে হবে। | গত ১০/০৮/২০২২ তারিখে ইআরডি’র চলমান সিটিজেনস্ চার্টার সংযোজন/বিয়োজন করার লক্ষ্যে আইসিটি সেল হতে প্রশাসন-১ শাখায় পত্র প্রেরণ করা হয়। সে আলোকে প্রশাসন-১ শাখা হতে গত ১৭/০৮/২০২২ তারিখে ইআরডি’র সকল অনুবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| ৫. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/ সেমিনার আয়োজনের জন্য এ বিভাগের চলমান প্রকল্পসমূহের সহায়তায় উদ্যোগ গ্রহণ করতে হবে। বিষয়টি যাচাই করে পরবর্তী সভায় আলোচনার জন্য উপস্থাপন করতে হবে। | এ বিভাগের চলমান প্রকল্পসমূহের সহায়তায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/ সেমিনার আয়োজনের নিমিত্তে অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে। | ১০০% |
| ৬. | ইতোপূর্বে স্টেকহোল্ডার হিসেবে যারা ইআরডি'র বিভিন্ন সভা বা কার্যক্রমে অংশগ্রহণ করেছেন তা পর্যালোচনাপূর্বক কমিটির পরবর্তী সভায় সদস্য সচিব এ আলোচ্যসূচি পুনরায় উপস্থাপন করবেন। | ইতোপূর্বে স্টেকহোল্ডার হিসেবে যারা ইআরডি'র বিভিন্ন সভা বা কার্যক্রমে অংশগ্রহণ করেছেন তা পর্যালোচনাপূর্বক কমিটি একটি উপস্থাপনা প্রস্তুত করছে। | ১০০% |

২০২২-২০২৩ অর্থবছরের সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র. ন. | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১ | ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকের কমিটি পুনর্গঠন করার জন্য ডিসেম্বর/২০২২ মাসের শেষ সপ্তাহের প্রশাসন-১ শাখাকে পত্র প্রেরণ করতে হবে। | জনাব মোঃ সাব্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি |
| ২ | সিটিজেন চার্টাররের অর্ধবার্ষিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখায় প্রেরণ করতে হবে। | জনাব মোঃ সাব্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি |
| ৩ | ইআরডি' র আওতাধীন দপ্তর/সংস্থা নেই মর্মে গত ০৩/১০/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত পত্রের অগ্রগতি উপসচিব পর্যায়ের একজন কর্মকর্তা তদারকি করবেন। | জনাব অহিদুল ইসলাম, উপসচিব, বাজেট ব্যবস্থাপনা শাখা, ইআরডি |
| ৪ | ইআরডি'র সিটিজেন চার্টার নিয়মিত আপডেট করতে হবে। | জনাব মোঃ সাব্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি |
| ৫ | আগামী ১৮-২০/ডিসেম্বর, ২০২২ তারিখ অথবা সুবিধাজনক সময়ে এ বিভাগের ৩য় শ্রেণীর ৫০ জন কর্মচারীদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | জনাব মোঃ সাব্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি |
| ৬ | আগামী ১৪ ও ১৮ ডিসেম্বর ২০২২ তারিখে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের প্রকল্প সাহায্য বরাদ্দ নিয়ে স্টেক হোল্ডারগণের (মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি এবং প্রকল্প পরিচালকগণ) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | জনাব মোঃ সাব্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

এ কে.এম. শাহাবুদ্দিন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫২.১৮.০০১.২২.৫৬

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

২) সকল সম্মানিত সদস্য, সিনিজেনস চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

৩) উপসচিব, বাজেট ব্যবস্থাপনা শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৪) একান্ত সচিব, সচিবের দপ্তর , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ৩: প্রশাসন ও মধ্যপ্রাচ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

মোঃ সাব্বির বিশ্বাস
সিনিয়র প্রোগ্রামার